



# মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

www.dhakaeducationboard.gov.bd

## বিজ্ঞপ্তি

স্মারক নং- ৬৪/জেএসসি/এসএসসি/রেজিঃ ও পরীঃ/৮৯৯৬


তারিখ : ১৭/০৫/২০১৭

বিষয় : এসএসসি ও সমমানের পরীক্ষায় শারীরিক শিক্ষা, স্বাস্থ্যবিজ্ঞান ও খেলাধুলা এবং ক্যারিয়ার শিক্ষা বিষয় ২টি অন্তর্ভুক্ত না করে ধারাবাহিক মূল্যায়নের মাধ্যমে শিক্ষার্থীর মান যাচাইকরণ প্রসঙ্গে।

সূত্র : সচিব, জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, মতিঝিল, ঢাকা-এর ১৮/০৪/২০১৭ তারিখের স্মারক নং- শিঃউঃ ২৭৭/১১/৪০৪।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে, বোর্ডের আওতাধীন অনুমোদিত সকল শিক্ষা প্রতিষ্ঠানে এসএসসি ও সমমানের পরীক্ষায় শারীরিক শিক্ষা, স্বাস্থ্যবিজ্ঞান ও খেলাধুলা এবং ক্যারিয়ার শিক্ষা বিষয় ২টি অন্তর্ভুক্ত না করে ধারাবাহিক মূল্যায়নের মাধ্যমে বুদ্ধিবৃত্তিক, মনোপেশিজ ও আবেগীয় ক্ষেত্রে শিক্ষার্থীদের মান যাচাই সংক্রান্ত জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড কর্তৃক নির্দেশনা রয়েছে। এমতাবস্থায়, উক্ত বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা নেয়ার জন্য অনুরোধ করা হলো।

চেয়ারম্যানের আদেশক্রমে

  
17.05.17

এ.টি.এম. মইনুল হোসেন  
বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড  
ঢাকা।

সংযুক্ত : জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড  
কর্তৃক নির্দেশনার কপি।

প্রাপক : অধ্যক্ষ/প্রধান শিক্ষক  
বোর্ডের আওতাধীন অনুমোদিত সকল শিক্ষা প্রতিষ্ঠান।

  
২৭/০৫/১৭

মুদ্রিত দিন  
15-05-17

## জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড

৬৯-৭০, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০

www.nctb.gov.bd

সচিব  
১৫/০৫/১৭

স্মারক নং- শি:উ: ২৭৭/১১ / ৪০৪

তারিখ: ১৫/০৫/২০১৭ ইং

বিষয়: এসএসসি ও সমমানের পরীক্ষায় শারীরিক শিক্ষা, স্বাস্থ্যবিজ্ঞান ও খেলাধুলা এবং ক্যারিয়ার শিক্ষা বিষয় দুটি অন্তর্ভুক্ত না করে ধারাবাহিক মূল্যায়নের মাধ্যমে শিক্ষার্থীর মান যাচাই

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে, জাতীয় শিক্ষাক্রম সমন্বয় কমিটি (এনসিসিসি) এর ২২/০৩/২০১৭ তারিখের সভায় এসএসসি ও সমমানের পরীক্ষায় শারীরিক শিক্ষা, স্বাস্থ্যবিজ্ঞান ও খেলাধুলা এবং ক্যারিয়ার শিক্ষা বিষয় অন্তর্ভুক্ত না করে বিষয় ২টি ধারাবাহিক মূল্যায়নের মাধ্যমে বুদ্ধিবৃত্তিক, মনোপেশিজ ও আবেগীয় ক্ষেত্রে শিক্ষার্থীর মান যাচাই হবে মর্মে সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। ধারাবাহিক মূল্যায়নের মাধ্যমে মান যাচাই বিষয়ে নম্বর বিভাজন ও নির্দেশনা এতদসঙ্গে প্রেরণ করা হলো। আগামী ২০১৮ সালের এসএসসি ও সমমান পরীক্ষা পরীক্ষা থেকে পদ্ধতিটি চালু করতে হবে। উল্লেখ্য ২০১৮ সালের এসএসসি/সমমানের পরীক্ষার্থীদের ক্ষেত্রে দশম শ্রেণির ১ম সাময়িক ও প্রাক নির্বাচনি পরীক্ষায় ধারাবাহিক মূল্যায়নের নম্বরের গড় বোর্ডের নির্দেশনা অনুযায়ী সংশ্লিষ্ট বোর্ডসমূহে প্রেরণ করতে হবে। ২০১৯ সাল থেকে এসএসসি/সমমানের পরীক্ষার্থীদের ক্ষেত্রে নবম শ্রেণিতে ১ম ও ২য় সাময়িক এবং দশম শ্রেণির ১ম সাময়িক ও প্রাক নির্বাচনি পরীক্ষাসহ মোট ৪বার রেকর্ড সংরক্ষণ করে তার গড় নম্বর বোর্ডের নির্দেশনা অনুযায়ী সংশ্লিষ্ট বোর্ডসমূহে প্রেরণ করতে হবে।

ক্রিয়াকর্মী তাঁর আওতাধীন বিদ্যালয়সমূহে অবহিতকরণসহ প্রয়োজনীয় ব্যবস্থা নিতে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সচিব  
১৫/০৫/১৭  
(ড. মোঃ নিজামুল করিম)  
সচিব  
ফোন: ৯৫৬৫৬৪৪

চেয়ারম্যান  
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষাবোর্ড  
ঢাকা/কুমিল্লা/যশোর/রাজশাহী/সিলেট/বরিশাল/চট্টগ্রাম  
দিনাজপুর/বাংলাদেশ মাদরাসা শিক্ষাবোর্ড/বাংলাদেশ কারিগরি শিক্ষাবোর্ড

শারীরিক শিক্ষা, স্বাস্থ্যবিজ্ঞান ও খেলাধুলা এবং ক্যারিয়ার শিক্ষা বিষয়সমূহ এসএসসি ও সমমানের পরীক্ষায় অন্তর্ভুক্ত না করে ধারাবাহিক মূল্যায়নের মাধ্যমে বুদ্ধিবৃত্তিক, মনোপেশিজ ও আবেগীয় ক্ষেত্রে শিক্ষার্থীর মান যাচাই বিষয়ে নম্বর বণ্টন :

**বিষয় : শারীরিক শিক্ষা, স্বাস্থ্যবিজ্ঞান ও খেলাধুলা**

পূর্ণমান : ১০০

তত্ত্বীয় : ৪০

ব্যবহারিক : ৬০

তত্ত্বীয় অংশ : ৪০

শ্রেণি অভীক্ষা : ২০

বাড়ির কাজ ও অনুসন্ধানমূলক কাজ : ২০

- কমপক্ষে ৩টি শ্রেণি অভীক্ষা নিতে হবে। সর্বোচ্চ নম্বর প্রাপ্ত ২টি শ্রেণি অভীক্ষার নম্বর বিবেচনা করতে হবে।
- কমপক্ষে ২টি বাড়ির কাজ বা অনুসন্ধানমূলক কাজ মূল্যায়ন করতে হবে। সর্বোচ্চ নম্বর প্রাপ্ত ১টির নম্বর বিবেচনা করতে হবে।

ব্যবহারিক অংশ : ৬০

খেলাধুলায় অংশগ্রহণ : ৪০

খেলাধুলায় পারদর্শিতা : ২০

- প্রত্যেক শিক্ষার্থীর কমপক্ষে ১টি খেলায় অংশগ্রহণ নিশ্চিত করতে হবে।
- মাঠে শিক্ষার্থীর খেলাধুলায় অংশগ্রহণ পর্যবেক্ষণ করে নম্বর প্রদান করতে হবে।

**বিষয় : ক্যারিয়ার শিক্ষা**

পূর্ণমান : ৫০

তত্ত্বীয় : ৩০

ব্যবহারিক : ২০

তত্ত্বীয় অংশ : ৩০

শ্রেণির কাজ : ১০

শ্রেণি অভীক্ষা : ২০

- শ্রেণির কাজ মূল্যায়ন করে নম্বর প্রদান করতে হবে।
- কমপক্ষে ৩টি শ্রেণি অভীক্ষা নিতে হবে। সর্বোচ্চ নম্বর প্রাপ্ত ২টি শ্রেণি অভীক্ষার নম্বর বিবেচনা করতে হবে।

ব্যবহারিক অংশ : ২০

বাড়ির কাজ ও অনুসন্ধানমূলক কাজ : ২০

- কমপক্ষে ২টি বাড়ির কাজ বা অনুসন্ধানমূলক কাজ দিতে হবে। সর্বোচ্চ নম্বর প্রাপ্ত ১টির নম্বর বিবেচনা করতে হবে।

*Qura*

*২৬/০৪/১৭*

সদস্য মোঃ মশিউজ্জামান  
সি.এ.সি. (শিক্ষাক্রম)  
জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড  
ঢাকা

